দৈনিক ইত্তেফাক

তারিখ ... 21-JUN 1995 ...
পৃষ্ঠা ৩ কলাম ৫ ...

৩৫

# কিশোরগঞ্জে প্রাথমিক শিক্ষা বিভাগে বহু পদ শূন্য

কিশোরগঞ্জ সংবাদদাতা ॥ জেলা প্রাথমিক শিক্ষা বিভাগে বহু সংখ্যক কর্মকর্তার পদ শূন্য থাকায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রমসহ বিভাগীয় বিভিন্ন কাজ-কর্ম বিঘ্নিত হইতেছে। জেলার ১৩টি থানার মধ্যে ৭টি থানায় শিক্ষা কর্মকর্তা নাই। থানাগুলি হইতেছে কিশোরগঞ্জ সদর, হোসেনপুর, ভৈরব, অষ্টগ্রাম, ইটনা, মিটামইন ও নিকলী। ইহাছাড়া জেলায় ১২টি সহকারী থানা শিক্ষা কর্মকর্তার পদ শূন্য। তন্মধ্যে হোসেনপুর, পাকুন্দিয়া ও করিমগঞ্জে ২টি করিয়া এবং কিশোরগঞ্জ সদর,

(৪র্থ পৃঃ দ্রঃ)

## কিশোরগঞ্জে

(৩য় পৃঃ পর)

কুলিয়ারচর, বাজিতপুর, ভৈরব, ইটনা ও তাড়াইলে ১টি করিয়া সহকারী থানা শিক্ষা কর্মকর্তার পদ শূন্য রহিয়াছে। এদিকে গত ৩১শে জানুয়ারী হইতে একটি দুর্নীতির মামলায় জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সাময়িকভাবে বরখাস্ত হওয়ায় উক্ত পদটিও খালি রহিয়াছে।